

ক্যাডেটরা পারলে সাধারণের কেন নয়?

গত ১৭ জুন দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল একযোগে প্রকাশিত হয়েছে। পাসের হার প্রায় ৫৫%। জানা গেছে, এবার দেশের শহর এবং প্রত্যন্ত অঞ্চলের উল্লেখযোগ্য সংখ্যক স্কুলের ফলাফল

রীতিমতো হতাশারাজ্যক। কোনো কোনো স্কুলে নাকি মোট পরীক্ষার্থীর শতকরা ২৫-৩০ ভাগও পাস করতে ব্যর্থ হয়েছে। সুনামগঞ্জ জেলার ধিরাই থানার একটি স্কুলে মোট পরীক্ষার্থী ছিল ১০ জন। এদের কেউই উত্তীর্ণ হতে পারেনি। এর কারণ কি হতে পারে?

শিক্ষা মন্ত্রণালয়ের এক ঘোষণা অনুযায়ী বেসরকারি কোনো প্রতিষ্ঠানের রেজাল্ট শতকরা ৫০ ভাগ পাস না হলে ঐ প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের সরকারি অংশ কর্তন করা হবে। প্রতিষ্ঠানও রেহাই পাবে না। কথা হচ্ছে, সরকারের বছরদুয়েক আগে এই ঘোষণাটি কি সামগ্রিক ফলাফলে উল্লেখযোগ্য কোনো পরিবর্তন আনতে সক্ষম হয়েছে? নাকি, পতঙ্গদল যেমন আগুনে ঝাঁপায়, তেমনি আমাদের সম্মানিত শিক্ষকরা মন্ত্রণালয়ের ঐ ঘোষণার পর নিজেদের তথা প্রতিষ্ঠানের অস্তিত্বের স্বার্থে প্রাণপণ ঝাঁপিয়ে পড়ে প্রতিষ্ঠানের ফলাফলের মাত্রা একটি বিশ্বস্ততার পর্যায়ে আনতে সক্ষম হয়েছেন? হ্যাঁ, কোথাও অবশ্য শিক্ষক-শিক্ষার্থী-প্রতিষ্ঠান-ফলাফল, সফল। কিন্তু, এরাও জে হাতে গোনা।

দেশ যেখানে দ্রুতগতিতে প্রাইভেটাইজেশনের দিকে ঝুঁকছে, সেখানে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানের অধিকাংশের ফলাফলই মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত। এবারকার পাঁচ বোর্ডের S. S. C-র ফলাফলে দেখা যায় বরাবরের মতো মেধা তালিকার এক উল্লেখযোগ্য অংশ জুড়ে আছে শুটকয়েক ক্যাডেট কলেজের শিক্ষার্থীরা। কুমিল্লা বোর্ডের বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় আসীন ৩৪ জনের মধ্যে ২৭ জন, রাজশাহী বোর্ডের মানবিকের মেধাতালিকায় ২৬ জনের মধ্যে ১৬ জনই বিভিন্ন ক্যাডেট কলেজের। এখন স্বভাবতই প্রশ্ন জাগে, ক্যাডেট কলেজের ছাত্ররা ভালো করতে পারলে সাধারণের কেন পারবে না? তাদের স্মৃতি, ধীশক্তি, ইচ্ছা প্রভৃতির আধার সেরিব্রাল কর্টেক্স কি আকারে ক্যাডেটদের চেয়ে ব্যতিক্রম? না, তেমনটি নয়। আসলে সাধনা, সুশৃঙ্খলা ও নিয়মতান্ত্রিকতাই ব্যবধান গড়ে দিয়েছে।

তাই এ ব্যবধান ঘোচাতে প্রতিটি শিক্ষার্থীকে নিয়মানুবর্তিতাও শৃঙ্খলার সাধনায় নিবিষ্ট হতে হবে। আরেকটি বড়ো জিনিস যা প্রয়োজন তা হচ্ছে শিক্ষাসনে শিক্ষার সৃষ্ট পরিবেশ ফিরিয়ে আনা এবং তা রক্ষা করা। সত্যিই তো, ক্যাডেটরা পারলে সাধারণ ছাত্ররা কেন

নয়?

বিনায়ক চক্রবর্তী
মেঘনা, এ/৩২, দাড়িয়াপাড়,
সিলেট-৩১০০১